

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৯১৮

তারিখ: ৬ অগ্রহাষণ ১৪২৬
২১ নভেম্বর ২০১৯


পরিপত্র

বিষয়: এলএসডি/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা।

প্রতি বছর আমন ও বোরো মৌসুমে দেশের এলএসডি, সিএসডি ও সাইলোসমূহে পর্যাপ্ত খাদ্যশস্য মজুত থাকা অবস্থায় অভ্যন্তরীণ সংগ্রহের আওতায় ধান, চাল ও গম সংগ্রহ করতে হয়। পাশাপাশি আন্তর্জাতিক সংগ্রহের আওতায় আমদানিকৃত গমও সাইলো, সিএসডি ও এলএসডিসমূহে সংরক্ষণ করতে হয়। এহেন প্রেক্ষাপটে নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সারাদেশের এলএসডি ও সিএসডিসমূহে পরিকল্পিত উপায়ে খামাল গঠনপূর্বক গুদামের সর্বোচ্চ ধারণক্ষমতা ব্যবহার করা প্রয়োজন। এমতাবস্থায় নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

- (১) অভ্যন্তরীণ সংগ্রহ ও আমদানিকৃত খাদ্যশস্যের ক্ষেত্রে প্রথম থেকেই চাল ও গমের প্রতিটি খামাল ১৩০-১৩২ মে.টন এবং ধানের ক্ষেত্রে ৮৫ - ৯০ মে.টন করে গঠন করতে হবে; তবে এরূপ খামাল গঠনের ক্ষেত্রে খামাল পরিচর্যা ও কীটনাশক প্রয়োগ কার্যক্রম যাতে ব্যাহত না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে;
- (২) সকল খামালের ক্ষেত্রেই টপ (Top) লেয়ার আবশ্যিকভাবে বস্তা দ্বারা পূর্ণ করতে হবে;
- (৩) সংগৃহীত ও আমদানিকৃত খাদ্যশস্য সূচির আওতায় অন্য এলএসডি/সিএসডিতে প্রেরণ করা হলে প্রাপক কেন্দ্রেও অনুরূপ সাইজের (১ নং অনুচ্ছেদে বর্ণিত) খামাল গঠন করতে হবে;
- (৪) সংগ্রহকালে বা ইনভয়েসের আওতায় বিভিন্ন সময়ে সংগৃহীত/প্রাপ্ত খাদ্যশস্য খন্ড খন্ড খামালসমূহের পরিমাণ সাপ্তাহিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার পর পরবর্তীতে উক্ত অসম্পূর্ণ খামালকে স্ট্যান্ডার্ড খামাল করতে হবে;
- (৫) সংগ্রহকালে স্বয়ংক্রিয় এবং হাফিং মিলের চাল পৃথক পৃথক খামালে সংরক্ষণ করতে হবে; খামাল গঠন শেষ হওয়ার পর উক্ত খামালের ওয়ারেন্টি নির্ধারিত হবে;
- (৬) অগ্রবর্তী স্থানান্তরের সুযোগ সম্বলিত এলএসডিসমূহে স্থানীয় সংগ্রহের চাল দ্বারা পূর্ণ না হলে সেসকল এলএসডিতে আইআরটিসি/ডিআরটিসি সূচি জারি করে এলএসডি'র সর্বোচ্চ ধারণক্ষমতা নিশ্চিত করতে হবে;
- (৭) জেলার পশ্চাৎবর্তী এলএসডিসমূহে খালি জায়গা থাকলে ব্যাকমুভমেন্ট পরিহার ও সরকারি ব্যয় সাশ্রয়কল্পে অন্য উপজেলার চুক্তিবদ্ধ আগ্রহী মিল মালিকগণ নিজ খরচে উক্ত এলএসডিসমূহে বরাদ্দপ্রাপ্ত চাল সরবরাহ করতে পারবে; তবে এক্ষেত্রে চুক্তিবদ্ধ উপজেলার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা যথাক্রমে পেয়িং ও পাচর্জিং অফিসার থাকবেন। অধিদপ্তরকে অবহিত রেখে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এখরনের প্রস্তাব অনুমোদন করতে পারবেন;
- (৮) প্রতিটি এলএসডি/সিএসডিতে ৫ থেকে ৬টি খামাল ধান সংগ্রহের জন্য আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। ধান

সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন করার স্বার্থে সংগৃহীত ধান খামাল গঠন হওয়ার পর কারিগরি পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেকরত মানসংকেত প্রদান করার পর ধান ছাঁটাই নির্দেশনা অনুসরণপূর্বক ধান ছাঁটাই করতে হবে।



২৪-১১-২০১৯

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক

বিতরণ:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, , খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৩) প্রধান মিলার,, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তুগোলা, ঢাকা;
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),;
- ৭) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা;
- ৮) ব্যবস্থাপক/এসএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),;
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....;
- ১০) অফিস কপি।